গ্রেস পিরিয়ড

০৭. সুনির্দিষ্ট গ্রেস পিরিয়ড (প্রযোজ্য ক্ষেত্রে);

০৮. গ্রেস পিরিয়ডে সুদের অর্থ পরিশোধ করা হবে কিনা;

০৯. গ্রেস পিরিয়ডে সুদের অর্থ পরিশোধ করা না হলে প্রথম কিস্তির আসল পরিশোধের সময় গ্রেস পিরিয়ডের সুদ পরিশোধ করতে হবে কিনা;

১০. কোন তারিখ থেকে গ্রেস পিরিয়ড গণনা করা হবে ;

১১. কত দিনে বৎসর গণনা করা হবে অর্থাৎ ৩৬০ দিনে নাকি ৩৬৫ দিনে বৎসর গণনা করা হবে;

ঋণ পরিশোধ

১২. ঋণ পরিশোধের সুনির্দিষ্ট সময়সীমা;

১৩. ঋণ পরিশোধের প্রথম কিস্তির তারিখ;

১৪. ঋণ পরিশোধের কিস্তির মোট সংখ্যা;

১৫. ঋণ পরিশোধের ধরণ বা মোড অব রিপেম্যান্ট– অর্থাৎ বাৎসরিক, অর্ধ-বার্ষিক অথবা ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি পরিশোধ করা হবে কিনা ;

১৬. বৈদেশিক ঋণের ক্ষেত্রে কোন মুদ্রায় ঋণের অর্থ পরিশোধ করা হবে;

১৭. বৈদেশিক ঋণের ক্ষেত্রে অরিজিনাল মুদ্রায় নাকি টাকার অংকে হিসাব সংরক্ষণ করা হবে;

১৮. বৈদেশিক ঋণের ক্ষেত্রে অরিজিনাল মুদ্রায় হিসাব সংরক্ষণ করা হলে কিস্তির অর্থ পরিশোধকালে কোন তারিখের মুদ্রার বিনিময় হার অনুসারে কিস্তির সমপরিমাণ টাকা পরিশোধ করা হবে; অর্থাৎ প্রকৃত পরিশোধের তারিখ এবং পরিশোধসূচিতে উল্লিখিত তারিখ এ দুটির মধ্যে কোন তারিখের বিনিময় হার হিসাব করা হবে ;

১৯. বৈদেশিক মুদ্রার বিনিময় হার ঝুঁকি কে বহন করবে ;

সুদ/ সার্ভিস চার্জ/ এক্সচেঞ্জ রেট রিস্ক প্রিমিয়াম

২০. সুদের হার;

২১. সার্ভিস চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে);

২২. এক্সচেঞ্জ রেট রিস্ক প্রিমিয়াম (প্রযোজ্য ক্ষেত্রে);

২৩. সুদের হার কার্যকর হওয়ার তারিখ;

২৪. সুদ পরিশোধের প্রথম কিস্তির তারিখ;

২৫. আসলের কিস্তির সাথে সুদ পরিশোধ করা হবে কিনা;

পরিশোধসূচি

২৬. এসএলএ/ এলএ'র সাথে আবশ্যিকভাবে একটি পরিশোধসূচি থাকবে;

২৭. এসএলএ/ এলএ'র শর্তাবলী এবং পরিশোধসূচি সামঞ্জস্যপূর্ণ হবে;

২৮. পরিশোধসূচিতে আসল ও সুদ পরিশোধের সকল কিস্তির তারিখ সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে;

২৯.পরিশোধসূচিতে প্রত্যেক কিস্তিতে আসল ও সুদের পরিমাণ উল্লেখ থাকবে ।

২.৪ অর্থ অবমুক্তির সরকারী আদেশ ঃ

অনেক সময় ঋণ গ্রহণকারী সংস্থার সাথে চুক্তি সম্পাদনের পূর্বেই সরকারী আদেশের মাধ্যমে সংস্থার অনুকূলে ঋণের অর্থ অবমুক্ত করা হয়ে থাকে। সে ক্ষেত্রে যথাযথভাবে ডিএসএল হিসাব সংরক্ষণের জন্য সরকারী আদেশে কিছু গুরুত্বপূর্ণ তথ্য থাকা জরুরী। নিম্নে সেগুলোর উল্লেখ করা হল ঃ

০১। প্রতিষ্ঠান/এজেন্সির নাম এবং কোড নম্বর;

০২। প্রকল্পের নাম;

০৩। ঋণের নাম ও কোড নম্বর;

০৪। বরাদ্দকৃত অর্থ ঋণ না অনুদান সুস্পষ্টরূপে উল্লেখ করা ;

০৫। বরাদ্দকৃত অর্থের পরিমাণ ;

০৬। ঋণ পরিশোধের সময়সীমা ;

০৭। গ্রেস পিরিয়ড ;

০৮। সুদের হার;

০৯। ঋণ পরিশোধের ধরণ বা মোড অব রিপেম্যান্ট ;

১০। ঋণ পরিশোধের কিস্তির সংখ্যা ;

১১। প্রতি কিস্তিতে পরিশোধিতব্য আসল ও সুদের পরিমাণ।